অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/26/2020 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

আপস্টেট নিউ ইয়র্ক কিছু অংশে তীব্র বায়ুপ্রবাহ এবং ভারী তুষারপাতের পূর্বাভাস থাকায় গভর্নর কুউমো স্টেট সংস্থাগুলোকে পরিস্থিতি মোকাবেলায় সম্পদ মোতায়েনের জন্য নির্দেশনা দিলেন

শনিবারের মধ্যে নর্থ কান্ট্রির কয়েকটি অংশে তিন ফুট পর্যন্ত তুষার পৌছতে পারে, দক্ষিণ পশ্চিমাঞ্চলীয় নিউ ইয়র্কে যা হতে পারে দুই ফুট পর্যন্ত

জলসীমার উচ্চ স্তর এবং ঢেউয়ের কারণে বুধবার রাত থেকে লেক অন্টারিও-র পার্শ্ববর্তী কাউন্টিগুলোর জন্য লেকেশোর বন্যা নজরদারি জারি করা হয়েছে

গভর্নর অ্যান্ড্রু এম. কুউমো আজ স্টেট এজেন্সিগুলোকে পশ্চিম নিউ ইয়র্ক, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রিতে তুষারপাত এবং তীব্র বায়ুপ্রবাহ পরিস্থিতি মোকাবেলায় সম্পদ মোতায়েনের নির্দেশনা দিয়েছেন যা বুধবার থেকে শনিবারে আঘাত হানতে পারে বলে ধারণা করা হচ্ছে। বর্তমান পূর্বাভাস, সর্বোচ্চ তুষার জমা হবার বিষয়ে, নর্থ কান্ট্রির পশ্চিমাংশে তিন ফুট এবং পশ্চিম নিউ ইয়র্কের দক্ষিণ অংশে দুই ফুট পর্যন্ত তুষারপাত হবার সম্ভাবনার কথা জানাচ্ছে।

স্টেট তার সংস্থানগুলোকে প্রস্তুত করা এবং স্থানীয় অংশীদারদের সাথে পরিস্থিতি মোকাবেলা প্রচেষ্টার সমন্বয় চলাকালে, গভর্নর কুউমো নিউ ইয়র্কবাসীকে সম্ভাব্য ঝুঁকিপূর্ণ ভ্রমণ পরিস্থিতির জন্য প্রস্তুত থাকতে এবং পরিতস্থিতির পরিবর্তন সম্পর্কে অবহিত থাকার জন্য স্থানীয় আবহাওয়া পূর্বাভাসের উপর গভীর নজর রাখার জন্য অনুরোধ করছেন।

"তীব্র শীতের আবহাওয়া স্টেটের কিছু অংশ জুড়ে আজ রাত এবং সপ্তাহান্তে অব্যাহত থাকার কারণে, আমি এই এলাকাগুলোর নিউ ইয়র্কবাসীকে সংকুচিত দৃশ্যমানতা এবং তীব্র বায়ুপ্রবাহের কারণে গাড়ি চালানোর সময় প্রস্তুত থাকতে এবং সাবধানতা অবলম্বন করতে অনুরোধ করছি," **গভর্নর কুওমো বলেন।** "সবচেয়ে বেশি ক্ষতিগ্রস্থ হবে এমন অঞ্চলে অতিরিক্ত সংস্থান জড়ো করার জন্য আমি আমাদের স্টেট সম্পদগুলোকে নির্দেশনা দিয়েছি এবং প্রয়োজন অনুযায়ী আমরা শর্তাবলী সক্রিয়ভাবে পর্যবেক্ষণ করব এবং আমাদের স্থানীয় অংশীদারদের সহায়তা করব।"

শনিবারের মধ্যে, লেক অন্টারিও-র সীমান্তবর্তী পশ্চিম নিউ ইয়র্ক, ফিঙ্গার লেক, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং নর্থ কান্ট্রি অঞ্চলের অংশগুলোতে কমপক্ষে এক ফুট তুষারপাত হবে বলে পূর্বাভাস

জানিয়েছে। সর্বমোট সর্বোচ্চ তুষারপাত নর্থ কান্ট্রির টাগ হিল অঞ্চলের মধ্যে হতে পারে বলে ধারনা করা হচ্ছে, যেখানে তিন ফুট পর্যন্ত তুষার হওয়া সম্ভব। অধিকন্তু, পশ্চিম নিউ ইয়র্কের দক্ষিণাঞ্চলে দুই ফুট পর্যন্ত তুষারপাত হবে বলে আশংকা করা হচ্ছে। উভয় একালায়ই, প্রায় 40 মাইল দমকা বাতাস সহ তুষারপাতের হার প্রতি ঘন্টায় প্রায় দুই ইঞ্চি উপরে পৌঁছতে পারে, যা বিপজ্জনক ড্রাইভিং অবস্থার সৃষ্টি করতে পারে। অধিকন্তু, জলসীমার উচ্চ স্তর এবং জলোচ্ছাসের সংমিশ্রণের কারণে লেক অন্টারিও-র উপকূলবর্তী অঞ্চলগুলোতে হ্রদতীরবর্তী বন্যা হতে পারে। এটি বিশেষ করে উপসাগর, প্রবেশ পথ এবং উপকূলের অন্যান্য নিচু অঞ্চলে হতে পারে। উপকূলের উল্লেখযোগ্য ক্ষয়ও হতে পারে।

সাউদার্ন টিয়ার এবং মোহক উপত্যকা ও ফিঙ্গার লেক অঞ্চলের দক্ষিণ অংশে দুই থেকে চার ইঞ্চি সহ স্টেটের অন্যান্য অঞ্চলে, তুষারপাত উল্লেখযোগ্য হারে কম হবে বলে আশা করা হচ্ছে। ক্যাপিটাল রিজিয়ন, মিড-হাডসন, নিউ ইয়র্ক সিটি এবং লং আইল্যান্ড অঞ্চলের নিউ ইয়র্কবাসীরা প্রাথমিকভাবে বৃষ্টিপাত হবে বলে আশা করতে পারেন।

জাতীয় আবহাওয়া পরিষেবা (National Weather Service) এই ঝড় সংশ্লিষ্ট অসংখ্য নজরদারি, সতর্কতা, পরামর্শ জারি করেছে। নিউ ইয়র্কবাসীরা সর্বশেষ আবহাওয়া পূর্বাভাসের পাশাপাশি, এই সকল বিজ্ঞপ্তির সম্পূর্ণ তালিকার জাতীয় আবহাওয়া পরিষেবা ওয়েবসাইটে গিয়ে দেখতে পারেন এখানে।

এজেন্সির প্রস্তুতি

হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগ (Division of Homeland Security and Emergency Services, DHSES)
নিউইয়র্ক স্টেট ডিভিশনের হোমল্যান্ড নিরাপত্তা ও জরুরি সেবা বিভাগের জরুরী অপারেশনস সেন্টার (Emergency Operations Center) কে বর্ধিত তদারকির জন্য সকাল ৪টায় লেভেল 4-এ সক্রিয় করা হবে এবং আবহাওয়ার পরিস্থিতি পর্যবেক্ষণ করবে, স্টেটের পরিস্থিতি মোকাবেলা সমন্বয় করবে এবং ইভেন্টের পুরো সময়কালে এলাকাগুলোর সাথে যোগাযোগ রক্ষা করবে। স্টেটের মজুদও ঝড়-সম্পর্কিত প্রয়োজনে ক্ষতিগ্রস্ত লোকালয়ে সম্পদ মোতায়েনের জন্য প্রস্তুত। উপরন্তু, জরুরী ব্যবস্থাপনার দপ্তর থেকে নেতৃত্ব সহযোগী সংস্থাগুলোর সাথে সমন্বয় করে কৌশলগতভাবে স্নোমোবাইলস এবং অন্যান্য সম্পদ যা এলাকায় উদ্ধার কার্যক্রমকে সমর্থন করে, যা সবচেয়ে বেশি প্রভাব ফেলবে বলে আশা করা হচ্ছে।

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন (Department of Transportation)
ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন 3,৪02 জন অপারেটর এবং সুপারভাইজরদের নিয়ে পরিস্থিতি মোকেবেলায় প্রস্তুত। আঞ্চলিক ক্রুরা বর্তমানে তুষার এবং বরফ প্রস্তুতি এবং বরফ জট নিরীক্ষণে নিযুক্ত রয়েছে। সকল আবাসিক অবস্থানগুলো ইভেন্ট এবং অগ্রাধিকার ভিত্তিক পরিচ্ছন্ন কার্যক্রম চলাকালে 24/7 কর্মী থাকবে।

সংকটাপন্ন এলাকায় তুষার ও বরফ কার্যক্রমের সহায়তার উদ্দেশ্যে মোট 54 কর্মী ও 22টি প্লাউ ট্রাক মোতায়েন করা হচ্ছে। এগুলো নিম্নরূপে বন্টন করা হচ্ছে:

- সেন্ট্রাল নিউ ইয়র্ক, মিড হডসন অঞ্চল থেকে 12 জন প্লাউ অপারেটর, তিনজন সুপারভাইজার এবং ছয়টি প্লাউ ট্রাক; সাউদার্ন টিয়ার থেকে আটটি প্লাউ অপারেটর, একজন সুপারভাইজার, ও চারটি প্লাউ ট্রাক এবং ক্যাপিটাল রিজিয়ন থেকে একটি ইনসিডেন্ট কমান্ড সিস্টেম বিশেষজ্ঞ পাচ্ছে।
- ওয়েস্টার্ন নিউ ইয়র্ক সাউদার্ন টিয়ার থেকে 10জন প্লাউ অপারেটর, দুইজন সুপারভাইজার এবং ফাইভটি পিলো ট্রাক পাবে।
- নর্থ কান্ট্রি মিড-হাডসন অঞ্চল থেকে চারজন প্লাউ অপারেটর, একজন সরঞ্জাম অপারেটর প্রশিক্ষক এবং দুটি প্লাউ ট্রাক পাবে।

অতিরিক্ত সংস্থানগুলোর প্রয়োজনীয়তা পরিস্থিতি অনুযায়ী পুনরায় মূল্যায়ন করা হবে। সকল উপলভ্য উপকরণ মোতায়েনের জন্য প্রস্তুত। ক্ষতিগ্রস্ত এলাকার সকল ফ্লিট মেকানিক্সকে প্রধান আবাসনগুলোতে মেরামত ও ট্রাক চলাচল স্বাভাবিক রাখতে 24/7 প্রস্তুত রাখা হয়েছে। প্রদেশজুড়ে উপকরণের হিসাব নিম্নরূপ:

- 1,583টি বড় প্লাউ ট্রাক
- 328টি বড় লোডার্স
- 179টি মাঝারি প্লাউ ট্রাক
- 51টি টো প্লাউ
- 40টি স্নোব্লোয়ার
- 19টি গ্রেডার

থ্রুওয়ে অথোরিটি (Thruway Authority)
থ্রুওয়ে অথোরিটির 703 জন সুপারভাইজার ও অপারেটর আছেন যারা সমগ্র স্টেট জুড়ে 244টি বড় স্নো প্লাও, 104টি মাঝারি স্নো প্লাও, 11টি টো প্লাও এবং 62টি লোডার কাজে নিয়োজিত করতে এবং 119,500 টনেরও বেশি রাস্তার লবণ প্রয়োগ করতে প্রস্তুত রয়েছেন। থ্রুওয়েতে শীতের আবহাওয়া অবস্থার ব্যাপারে মোটরচালকদের সতর্ক করতে বৈচিত্র্যময় বার্তা চিহ্ন, হাইওয়ে সতর্কতা রেডিও এবং সোশ্যাল মিডিয়া ব্যবহার করা হয়।

এছাড়াও থ্রুওয়ে অথোরিটি মোটর চালকদের উৎসাহিত করে ডাউনলোড করতে তাঁদের মোবাইল অ্যাপ যা আইফোন ও এন্ড্রয়েড ডিভাইসের জন্য বিনামূল্যে উপলভ্য। অ্যাপটি মোটরযান চালকদের প্রকৃত-সময়ে ট্রাফিক এবং দিক-নির্দেশনা সহায়তা লাভের সরাসরি সুযোগ প্রদান করে। এছাড়াও মোটর চালকরা ইমেইলের জন্য সাইন আপ করতে পারেন যা সমগ্র থ্রুওয়ে জুড়ে সর্বশেষ ট্রাফিক পরিস্থিতির তথ্য প্রদান এখানে।

ডিপার্টমেন্ট অব এনভায়রনমেন্টাল কনজারভেশন (Department of Environmental Conservation, DEC)

DEC পরিবেশ সংরক্ষণ পুলিশ অফিসার, ফরেস্ট রেঞ্জার্স, আপৎকালীন ব্যবস্থাপনা কর্মী এবং অঞ্চলের কর্মীরা সতর্ক আছেন এবং পরিস্থিতির পর্যবেক্ষণ করছেন এবং গুরুতর আবহাওয়ায় আক্রান্ত হতে পারে এমন এলাকা ও অবকাঠামোগুলোকে সক্রিয়ভাবে টহল দিচ্ছেন। সকল উপলভ্য সম্পদ যে কোনো জরুরি পরিস্থিতি মোকাবেলায় সহায়তা করতে প্রস্তুত রয়েছে।

নিউ ইয়র্ক স্টেট পুলিশ

নিউ ইয়র্ক স্টেট পুলিশ সকল ট্রুপারকে যে কোনও সমস্যার পরিস্থিতি নিবিড়ভাবে পর্যবেক্ষণ করার জন্য নির্দেশনা দিয়েছে এবং প্রয়োজন অনুযায়ী ক্ষতিগ্রস্থ অঞ্চলে অতিরিক্ত টহলের জন্য প্রস্তুত থাকবে। সকল ফোর-হুইল ড্রাইভ যানবাহন কার্যকর রয়েছে এবং স্নোমোবাইলস এবং ইউটিলিটি যানবাহন সহ সমস্ত বিশেষ যানবাহন অকুস্থলে রয়েছে এবং মোতায়েনের জন্য প্রস্তুত।

পার্ক, বিনোদন ও ঐতিহাসিক সংরক্ষণ অফিস (Office of Parks, Recreation and Historic Preservation)

নিউ ইয়র্ক স্টেটের পার্ক পুলিশ (New York State Park Police) ও পার্কের কর্মীরা সতর্ক আছে এবং আবহাওয়া পরিস্থিতি ও প্রভাব নিবিড়ভাবে পর্যবেক্ষণ করছে। পার্কের দর্শনার্থীদের নজর রাখা উচিৎ parks.ny.govবা পার্কের সময়, খোলা ও বন্ধের ব্যাপারে সর্বশেষ তথ্যের জন্য তাদের স্থানীয় পার্ক অফিসে কল করা উচিৎ।

জনসেবা অধিদপ্তর (Department of Public Service)

নিউ ইয়র্ক স্টেট জুড়ে ক্ষয়ক্ষতি মূল্যায়ন, পরিস্থিতি মোকাবেলা ও পুনরুদ্ধারের উদ্দেশ্যে নিয়োজিত করার জন্য নিউ ইয়র্ক ইউটিলিটির বর্তমানে প্রায় 4,500 জন শ্রমিক রয়েছে। জন পরিষেবা বিভাগের কর্মীরা ঝড়ের পুরো ঘটনা জুড়ে ইউটিলিটির কাজগুলি পর্যবেক্ষণ করবে এবং ইউটিলিটিগুলি উপযুক্ত কর্মীদের দ্বারা সর্বাধিক প্রভাব অনুভূত অঞ্চলে স্থানান্তরিত হচ্ছে তা নিশ্চিত করবে।

<u>নিরাপত্তা পরামর্শ</u>

- যখন শীতকালীন ঝড় আঘাত হানে, তখন প্রয়োজন না হলে ড্রাইভ করবেন না।
- সেতুগুলোয় সাবধানতা অবলম্বন করুন যেহেতু বরফ সেখানে রাস্তার চেয়ে দ্রুত জমাট বাঁধে।
- ভেজা পাতা রাস্তাকে পিচ্ছিল করতে পারে, তাই যখনই সামনে তাদের একটা স্তূপ আসবে, তখন আরো ধীর গতিতে গাড়ি চালানোটা গুরুত্বপূর্ণ।
- আপনার ভ্রমণ আবশ্যিক হলে নিশ্চিত করুন যে আপনার গাড়িতে কম্বল, বেলচা, ফ্ল্যাশলাইট ও অতিরিক্ত ব্যাটারি, অতিরিক্ত গরম কাপড়, এক জোড়া টায়ার চেন, ব্যাটারি বুস্টার তার, সহজে শক্তি প্রদানকারী খাবার এবং ডিসট্রেস ফ্ল্যাগ হিসেবে ব্যবহার করতে উজ্জ্বল রঙের কাপড়-জাতীয় সরঞ্জামাদি রয়েছে।

- পেট্রল ফ্রিজ-আপ আটকাতে আপনার গ্যাসের ট্যাঙ্ক ভর্তি রাখুন।
- আপনার ব্যবহার উপযোগী সেল ফোন বা অন্যান্য যোগাযোগের যন্ত্র যেমন টু-ওয়ে রেডিও থাকলে, সেগুলোর ব্যাটারি চার্জ দিয়ে রাখুন এবং ভ্রমণ করার সময় এটি আপনার সাথেই রাখুন। আপনি যদি কোথাও আটকা পড়েন, আপনি সাহায্যের জন্য ফোন করতে পারবেন, উদ্ধারকারীকে আপনার অবস্থান সম্পর্কে জানাতে পারবেন।
- নিশ্চিত করুন যে আপনার যাতায়াতের পরিকল্পনা অন্য কেউ জানে।
- গাড়ি চালানোর সময় যানবাহনকে বরফ এবং তুষার মুক্ত রাখুন।
- কোথায় কোথায় থামবেন তার পরিকল্পনা করে নিন এবং দুই গাড়ির মধ্যে দূরত্ব বজায় রাখুন। সবসময় রাস্তা ও আবহাওয়ার পরিস্থিতির সাথে মিলিয়ে আপনার গতি ঠিক করুন।

সব রাস্তার মোটরচালকদের জন্য এটা গুরুত্বপূর্ণ যে স্নোপ্লাও ঘণ্টায় 35 মাইল পর্যন্ত গতিবেগে চলে, যা অনেক ক্ষেত্রেই লিখিত গতি সীমার থেকে কম, এটা সুনিশ্চিত করতে যে ছড়ানো লবণ ড্রাইভিং লেনে থাকে ও রাস্তায় ছড়িয়ে না পড়ে। বারংবার ইন্টারস্টেট হাইওয়েতে, তুষার-অপসারণ-যন্ত্র পাশাপাশি কাজ করে, যেহেতু অনেকগুলো লেন একসাথে পরিচ্ছন্ন করার এটা সবচেয়ে কার্যকর ও নিরাপদ উপায়।

এছাড়াও গাড়িচালক ও পথচারীদের এটা মাথায় রাখা উচিৎ যে তুষারে ড্রাইভারদের দৃষ্টিসীমা সীমিত থাকে, এবং যন্ত্রগুলোর আকার ও ওজন বেশি হওয়ায় এগুলো দ্রুত গতিপথ পরিবর্তন ও থামানো কষ্টসাধ্য। পেছন থেকে বরফ ওড়ানো এর জন্য চালকদের দৃষ্টিশক্তি মারাত্মকভাবে হ্রাস করতে এবং হোয়াইটআউট অবস্থার কারণ ঘতাতে পারে। গাড়িচালকদের তুষার-অপসারণ-যন্ত্রকে পাশ কাটিয়ে যাওয়ার চেষ্টা করা বা পেছন-পেছন যাওয়া অথবা খুব কাছাকাছি যাওয়া উচিৎ নয়। গাড়িচালকদের জন্য সবচেয়ে নিরাপদ জায়গা হল তুষার-অপসারণ-যন্ত্রের বেশ খানিকটা পেছনে থেকে চালানো কারণ সেখানে রাস্তা পরিষ্কার ও লবণাক্ত থাকে।

শীতকালীন আবহাওয়ায় নিরাপত্তা সংক্রান্ত আরো তথ্যের জন্য, দয়া করে হোমল্যান্ড সুরক্ষা এবং জরুরী পরিষেবা বিভাগের (Division of Homeland Security and Emergency Services) ওয়েবসাইট http://www.dhses.ny.gov/oem/safety-info পরিদর্শন করুন।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন